



মুহাম্মদ

Muhammad

مُحَمَّد

পরম করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. যারা কুফরী করে এবং
আল্লাহর পথে বাধা সৃষ্টি
করে, আল্লাহ তাদের সকল
কর্ম ব্যর্থ করে দেন।

1. Those who disbelieve
and hinder (others)
from the way of Allah,
He will waste their
deeds.

الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَنْ
سَبِيلِ اللَّهِ أَضَلَّ أَعْمَاهُمْ ﴿١﴾

2. আর যারা বিশ্বাস
স্থাপন করে, সংকর্ম
সম্পাদন করে এবং তাদের
পালনকর্তার পক্ষ থেকে
মুহাম্মদের প্রতি অবতীর্ণ
সত্যে বিশ্বাস করে, আল্লাহ
তাদের মন্দ কর্মসমূহ
মার্জনা করেন এবং তাদের
অবস্থা ভাল করে দেন।

2. And those who
believe, and do
righteous deeds, and
believe in what has
been sent down upon
Muhammad, and it is
the truth from their
Lord. He will remove
from them their
misdeeds, and will set
right their condition.

وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ
وَأَمَّنُوا بِمَا نَزَّلَ عَلَىٰ مُحَمَّدٍ وَهُوَ
الْحَقُّ مِنْ رَبِّهِمْ كَفَّرَ عَنْهُمْ
سَيِّئَاتِهِمْ وَأَصْلَحَ بَالَهُمْ ﴿٢﴾

3. এটা এ কারণে যে, যারা
কাফের, তারা বাতিলের
অনুসরণ করে এবং যারা
বিশ্বাসী, তারা তাদের
পালনকর্তার নিকট থেকে
আগত সত্যের অনুসরণ
করে। এমনিভাবে আল্লাহ
মানুষের জন্যে তাদের
দৃষ্টান্তসমূহ বর্ণনা করেন।

3. That is because
those who disbelieve
follow falsehood, and
that those who believe
follow the truth from
their Lord. Thus does
Allah set forth their
parables for mankind.

ذَلِكَ بِأَنَّ الَّذِينَ كَفَرُوا اتَّبَعُوا
الْبَاطِلَ وَأَنَّ الَّذِينَ آمَنُوا اتَّبَعُوا
الْحَقَّ مِنْ رَبِّهِمْ كَذَلِكَ يَضْرِبُ
اللَّهُ لِلنَّاسِ أَمْثَالَهُمْ ﴿٣﴾

4. অতঃপর যখন তোমরা কাফেরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও, তখন তাদের গর্দার মার, অবশেষে যখন তা? দরকে পূর্ণরূপে পরাভূত কর তখন তাদেরকে শক্ত করে বেধে ফেল। অতঃপর হয় তাদের প্রতি অনুগ্রহ কর, না হয় তাদের নিকট হতে মুক্তিপণ লও। তোমরা যুদ্ধ চালিয়ে যাবে যে পর্যন্ত না শত্রুপক্ষ অস্ত্র সমর্পণ করবে! একথা শুনলে। আল্লাহ ইচ্ছা করলে তাদের কাছ থেকে প্রতিশোধ নিতে পারতেন। কিন্তু তিনি তোমাদের কতককে কতকের দ্বারা পরীক্ষা করতে চান। যারা আল্লাহর পথে শহীদ হয়, আল্লাহ কখনই তাদের কর্ম বিনষ্ট করবেন না।

5. তিনি তাদেরকে পথ প্রদর্শন করবেন এবং তাদের অবস্থা ভাল করবেন।

6. অতঃপর তিনি তাদেরকে জান্নাতে দাখিল করবেন, যা তাদেরকে জানিয়ে দিয়েছেন।

7. হে বিশ্বাসীগণ! যদি তোমরা আল্লাহকে সাহায্য কর, আল্লাহ তোমাদেরকে সাহায্য করবেন এবং তোমাদের পা দৃঢ়প্রতিষ্ঠ করবেন।

4. Then when you meet (in battle) those who disbelieve, strike (their) necks until, when you have crushed them, then secure their bonds. Then whether you show favor afterwards or accept ransom until the war lays down its arms. That (is the command), and if Allah had willed, He could have taken vengeance upon them. But that He may test some of you by (means of) others. And those who are killed in the cause of Allah, He will never let their deeds be lost.

5. He will guide them, and set their condition right.

6. And He will admit them into the Paradise with which He has acquainted them.

7. O you who believe, if you help Allah, He will help you and will make your foothold firm.

فَإِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا
فَضْرِبْ الرِّقَابَ حَتَّىٰ إِذَا
أُتَخَنَّتْ مُوَهُمُ فَشُدُّوا الْوَتَانَ
فَمَا مِمَّا بَعْدُ وَإِمَّا فِدَاءً حَتَّىٰ تَضَعَ
الْحَرْبُ أَوْزَارَهَا ۚ ذَٰلِكَ ۖ وَلَوْ
يَشَاءُ اللَّهُ لَا نَتَّصِرَ مِنْهُمْ وَلَكِنْ
لِيَبْلُوَ بَعْضَكُمْ بِبَعْضٍ وَالَّذِينَ
قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ فَلَنْ يُضِلَّ
أَعْمَاهُمْ ﴿١٧﴾

سَيَهْدِيهِمْ وَيُصْلِحُ بَالَهُمْ ﴿١٨﴾

وَيُدْخِلُهُمُ الْجَنَّةَ عَرَّفَهَا لَهُمْ ﴿١٩﴾

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تَنْصُرُوا
اللَّهَ يَنْصُرْكُمْ وَ يَثِّبَتْ
أَقْدَامَكُمْ ﴿٢٠﴾

8. আর যারা কাফের, তাদের জন্যে আছে দুর্গতি এবং তিনি তাদের কর্ম বিনষ্ট করে দিবেন।

8. And those who disbelieve, so for them is destruction and He will waste their deeds.

وَالَّذِينَ كَفَرُوا فَتَعَسَا لَهُمْ
وَاضَلَّ أَعْمَالَهُمْ ﴿٨﴾

9. এটা এজন্যে যে, আল্লাহ যা নাযিল করেছেন, তারা তা পছন্দ করে না। অতএব, আল্লাহ তাদের কর্ম ব্যর্থ করে দিবেন।

9. That is because they disliked what Allah has sent down, so He rendered their deeds worthless.

ذَلِكَ بِأَنَّهُمْ كَرِهُوا مَا أَنْزَلَ اللَّهُ
فَأَحْبَطَ أَعْمَالَهُمْ ﴿٩﴾

10. তারা কি পৃথিবীতে ভ্রমণ করেনি অতঃপর দেখেনি যে, তাদের পূর্ববর্তীদের পরিণাম কি হয়েছে? আল্লাহ তাদেরকে ধ্বংস করে দিয়েছেন এবং কাফেরদের অবস্থা একপই হবে।

10. Have they not then travelled in the land and seen how was the end of those before them. Allah destroyed (everything) over them, and for the disbelievers is a similar end.

أَفَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ
فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ
الَّذِينَ مِنْ قَبْلِهِمْ دَمَّرَ اللَّهُ
عَلَيْهِمْ وَلِلْكَافِرِينَ أَمْثَالَهُمْ ﴿١٠﴾

11. এটা এজন্যে যে, আল্লাহ মুমিনদের হিতৈষী বন্ধু এবং কাফেরদের কোন হিতৈষী বন্ধু নাই।

11. That is because Allah is the protector of those who believe and that the disbelievers have no protector for them.

ذَلِكَ بِأَنَّ اللَّهَ مَوْلَى الَّذِينَ
آمَنُوا وَأَنَّ الْكَافِرِينَ لَا مَوْلَى
لَهُمْ ﴿١١﴾

12. যারা বিশ্বাস করে ও সংকর্ম করে, আল্লাহ তাদেরকে জান্নাতে দাখিল করবেন, যার নিম্নদেশে নির্ঝরিনীসমূহ প্রবাহিত হয়। আর যারা কাফের, তারা ভোগ-বিলাসে মত্ত থাকে এবং চতুষ্পদ জন্তুর মত আহার করে। তাদের বাসস্থান জাহান্নাম।

12. Indeed, Allah will admit those who believe and do righteous deeds into Gardens underneath which rivers flow. And those who disbelieve enjoy themselves and eat as the cattle eat, and the Fire is their final abode.

إِنَّ اللَّهَ يُدْخِلُ الَّذِينَ آمَنُوا
وَعَمِلُوا الصَّالِحَاتِ جَنَّاتٍ تَجْرِي
مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ وَالَّذِينَ كَفَرُوا
يَتَمَتَّعُونَ وَيَأْكُلُونَ كَمَا تَأْكُلُ
الْأَنْعَامُ وَالنَّارُ مَثْوًى لَهُمْ ﴿١٢﴾

13. যে জনপদ আপনাকে বহিস্কার করেছে, তদপেক্ষাকত শক্তিশালী জনপদকে আমি ধ্বংস করেছি, অতঃপর তাদেরকে সাহায্য করার কেউ ছিল না।

13. And how many a township was stronger in power than this city of yours that has expelled you, We destroyed them so there was no helper for them.

وَكَأَيِّنْ مِنْ قَرْيَةٍ هِيَ أَشَدُّ قُوَّةً
مِّنْ قَرْيَتِكَ الَّتِي أَخْرَجْتِكَ
أَهْلَكْنَاهُمْ فَلَا نَاصِرَ لَهُمْ ﴿١٣﴾

14. যে ব্যক্তি তার পালনকর্তার পক্ষ থেকে আগত নিদর্শন অনুসরণ করে, সে কি তার সমান, যার কাছে তার মন্দ কর্ম শোভনীয় করা হয়েছে এবং যে তার খেয়াল-খুশীর অনুসরণ করে।

14. So is he who is on a clear proof from his Lord, like him to whom his evil deeds have been made pleasing, and they follow their desires.

أَفَمَنْ كَانَ عَلَىٰ بَيِّنَةٍ مِّنْ رَبِّهِ
كَمَنْ زُيِّنَ لَهُ سُوءَ عَمَلِهِ
وَاتَّبَعُوا أَهْوَاءَهُمْ ﴿١٤﴾

15. পরহেয়গারদেরকে যে জান্নাতের ওয়াদা দেয়া হয়েছে, তার অবস্থা নিম্নরূপ: তাতে আছে পানির নহর, নির্মল দুধের নহর যারা স্বাদ অপরিবর্তনীয়, পানকারীদের জন্যে সুস্বাদু শরাবের নহর এবং পরিশোধিত মধুর নহর। তথায় তাদের জন্যে আছে রকমারি ফল-মূল ও তাদের পালনকর্তার ক্ষমা। পরহেয়গাররা কি তাদের সমান, যারা জাহান্নামে অনন্তকাল থাকবে এবং যাদেরকে পান করতে দেয়া হবে ফুটন্ত পানি অতঃপর

15. The similitude of the Garden that has been promised to the righteous, therein are rivers of water unpolluted, and rivers of milk the flavor of which does not change, and rivers of wine delicious to the drinkers, and rivers of purified honey. And for them therein is every kind of fruit, and forgiveness from their Lord. (Are they) like those who shall dwell forever in the Fire and are given to drink boiling water so that

مَثَلُ الْجَنَّةِ الَّتِي وَعَدَ الْمُتَّقُونَ
فِيهَا أَنْهَارٌ مِّنْ مَّاءٍ غَيْرِ آسِنٍ وَأَنْهَارٌ
مِّنْ لَّبَنٍ لَّمْ يَتَغَيَّرْ طَعْمُهُ وَأَنْهَارٌ
مِّنْ خَمْرٍ لَّذَّةٍ لِلشَّرِيبِينَ وَأَنْهَارٌ مِّنْ
عَسَلٍ مُّصَفًّى وَ لَهُمْ فِيهَا مِنْ
كُلِّ الثَّمَرَاتِ وَمَغْفِرَةٌ مِّنْ رَبِّهِمْ
كَمَنْ هُوَ خَالِدٌ فِي النَّارِ وَسُقُوا
مَاءً حَمِيمًا فَقَطَّعَ أَمْعَاءَهُمْ ﴿١٥﴾

তা তাদের নাড়িভূঁড়ি ছিন্ন
বিচ্ছিন্ন করে দেবে?

it would sever their
intestines.

16. তাদের মধ্যে কতক
আপনার দিকে কান পাতে,
অতঃপর যখন আপনার
কাছ থেকে বাইরে যায়,
তখন যারা শিক্ষিত,
তাদেরকে বলে: এইমাত্র
তিনি কি বললেন? এদের
অন্তরে আল্লাহ মোহর মেরে
দিয়েছেন এবং তারা
নিজেদের খেয়াল-খুশীর
অনুসরণ করে।

16. And among them
are some who give ear
to you, until when they
go out from you, they
say to those who have
been given knowledge:
“What did he say just
now.” These are the
ones upon whose
hearts Allah has set
a seal, and they follow
their desires.

وَمِنْهُمْ مَّنْ يَسْتَمِعُ إِلَيْكَ حَتَّى
إِذَا خَرَجُوا مِنْ عِنْدِكَ قَالُوا
لِلَّذِينَ أُوتُوا الْعِلْمَ مَاذَا قَالَ
أِنْفًا^ق أُولَئِكَ الَّذِينَ طَبَعَ اللَّهُ
عَلَى قُلُوبِهِمْ وَاتَّبَعُوا
أَهْوَاءَهُمْ ﴿٦٦﴾

17. যারা সৎপথপ্রাপ্ত
হয়েছে, তাদের সৎপথপ্রাপ্তি
আরও বেড়ে যায় এবং
আল্লাহ তাদেরকে তাকওয়া
দান করেন।

17. And those who are
guided, He increases
them in guidance and
grants them their
righteousness.

وَالَّذِينَ اهْتَدَوْا زَادَهُمْ هُدًى
وَأَتَاهُمْ تَقْوَاهُمْ ﴿٦٧﴾

18. তারা শুধু এই
অপেক্ষাই করছে যে,
কেয়ামত অকস্মাৎ তাদের
কাছে এসে পড়ুক। বস্তুতঃ
কেয়ামতের লক্ষণসমূহ তো
এসেই পড়েছে। সুতরাং
কেয়ামত এসে পড়লে তারা
উপদেশ গ্রহণ করবে কেমন
করে?

18. Do they then await
other than the Hour
that it should come
upon them suddenly.
Indeed, its indications
have come. Then how
(good) for them, when
it does come to them,
will be their reminder.

فَهَلْ يَنْظُرُونَ إِلَّا السَّاعَةَ أَنْ
تَأْتِيَهُمْ بَغْتَةً^ج فَقَدْ جَاءَ
أَشْرَاطُهَا فَأَلِي^ج هُمْ إِذَا جَاءَهُمْ
ذِكْرُهُمْ ﴿٦٨﴾

19. জেনে রাখুন, আল্লাহ
ব্যতীত কোন উপাস্য নেই।
ক্ষমাপ্রার্থনা করুন,
আপনার ক্রটির জন্যে এবং
মুমিন পুরুষ ও নারীদের
জন্যে। আল্লাহ, তোমাদের

19. So know that there
is no god except Allah,
and ask forgiveness for
your sin, and for
believing men and
believing women. And

فَاعْلَمْ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ
وَ اسْتَغْفِرْ لِذَنْبِكَ وَلِلْمُؤْمِنِينَ وَ
الْمُؤْمِنَاتِ وَاللَّهُ يَعْلَمُ مُتَقَلَّبَكُمْ

গতিবিধি ও অবস্থান সম্পর্কে জ্ঞাত।

Allah knows your place of movements and your place of resting.

وَمَثْوَاكُمْ ﴿١٦﴾

20. যারা মুমিন, তারা বলে: একটি সূরা নাযিল হয় না কেন? অতঃপর যখন কোন দ্ব্যর্থহীন সূরা নাযিল হয় এবং তাতে জেহাদের উল্লেখ করা হয়, তখন যাদের অন্তরে রোগ আছে, আপনি তাদেরকে মৃত্যুভয়ে মূর্ছাপ্রাপ্ত মানুষের মত আপনার দিকে তাকিয়ে থাকতে দেখবেন। সুতরাং ধ্বংস তাদের জন্যে।

20. And those who believe say: "Why has a surah not been sent down." Then when a decisive surah is sent down and fighting is mentioned therein, you see those in whose hearts is a disease, looking towards you with the look (of him) upon whom is fainting of death. So woe unto them.

وَيَقُولُ الَّذِينَ آمَنُوا لَوْلَا نُزِّلَتْ سُورَةٌ فَإِذَا أُنزِلَتْ سُورَةٌ مُحْكَمَةٌ وَذُكِرَ فِيهَا الْقِتَالُ رَأَيْتَ الَّذِينَ الَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرَضٌ يَنْظُرُونَ إِلَيْكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْمَوْتِ فَأُولَىٰ لَهُمْ ﴿١٧﴾

21. তাদের আনুগত্য ও মিষ্ট বাক্য জানা আছে। অতএব, জেহাদের সিদ্ধান্ত হলে যদি তারা আল্লাহর প্রতি পদত অঙ্গীকার পূর্ণ করে, তবে তাদের জন্যে তা মঙ্গলজনক হবে।

21. Obedience and good word. So when the matter is determined, then if they had been true to Allah, it would have been better for them.

طَاعَةٌ وَقَوْلٌ مَّعْرُوفٌ فَإِذَا عَزَمَ الْأَمْرُ فَلَوْ صَدَقُوا اللَّهَ لَكَانَ خَيْرًا لَهُمْ ﴿١٨﴾

22. ক্ষমতা লাভ করলে, সম্ভবতঃ তোমরা পৃথিবীতে অনর্থ সৃষ্টি করবে এবং আত্মীয়তা বন্ধন ছিন্ন করবে।

22. So would you perhaps, if you turned away, that you would spread corruption on earth and sever your ties of relationship.

فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتَقَطَّعُوا أَرْحَامَكُمْ ﴿١٩﴾

23. এদের প্রতিই আল্লাহ অভিসম্পাত করেন, অতঃপর তাদেরকে বধির ও দৃষ্টিশক্তিহীন করেন।

23. Such are they whom Allah has cursed, so that He has made them deaf and blinded their sight.

أُولَٰئِكَ الَّذِينَ لَعَنَهُمُ اللَّهُ فَأَصَمَّهُمْ وَأَعَمَّىٰ أَبْصَارَهُمْ ﴿٢٠﴾

24. তারা কি কোরআন সম্পর্কে গভীর চিন্তা করে না? না তাদের অন্তর তালাবদ্ধ?

24. Do they not then reflect over the Quran, or are there locks upon their hearts.

أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ أَمْ عَلَى قُلُوبٍ أَقْفَالُهَا ﴿٢٤﴾

25. নিশ্চয় যারা সোজা পথ ব্যক্ত হওয়ার পর তৎপ্রতি পৃষ্ঠদর্শন করে, শয়তান তাদের জন্যে তাদের কাজকে সুন্দর করে দেখায় এবং তাদেরকে মিথ্যা আশা দেয়।

25. Indeed, those who turn on their backs after what had become clear to them of the guidance. Satan enticed them and prolonged hope for them.

إِنَّ الَّذِينَ ارْتَدُّوا عَلَىٰ أَدْبَارِهِمْ مِّنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَىٰ الشَّيْطَانُ سَوَّلَ لَهُمْ وَأَمَلَىٰ لَهُمْ ﴿٢٥﴾

26. এটা এজন্য যে, তারা তাদেরকে বলে, যারা আল্লাহর অবতীর্ণ কিতাব অপছন্দ করে: আমরা কোন কোন ব্যাপারে তোমাদের কথা মান্য করব। আল্লাহ তাদের গোপন পরামর্শ অবগত আছেন।

26. That is because they said to those who showed aversion to what Allah sent down: “We shall obey you in some matters.” And Allah knows their secret affairs.

ذَلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللَّهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأُمْرِ ۗ وَاللَّهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ ﴿٢٦﴾

27. ফেরেশতা যখন তাদের মুখমন্ডল ও পৃষ্ঠদেশে আঘাত করতে করতে প্রাণ হরণ করবে, তখন তাদের অবস্থা কেমন হবে?

27. Then how (will it be) when the angels take them in death, striking their faces and their backs.

فَكَيْفَ إِذَا تَوَفَّتْهُمُ الْمَلَائِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ ﴿٢٧﴾

28. এটা এজন্যে যে, তারা সেই বিষয়ের অনুসরণ করে, যা আল্লাহর অসন্তোষ সৃষ্টি করে এবং আল্লাহর সন্তুষ্টিকে অপছন্দ করে। ফলে তিনি তাদের কর্মসমূহ ব্যর্থ করে দেন।

28. That is because they followed that which angered Allah, and hated (that which) pleased Him. So He rendered their deeds worthless.

ذَلِكَ بِأَنَّهُمْ اتَّبَعُوا مَا آسَخَطَ اللَّهُ وَكَرِهُوا رِضْوَانَهُ فَاحْبَطَ أَعْمَالَهُمْ ﴿٢٨﴾

29. যাদের অন্তরে রোগ আছে, তারা কি মনে করে যে, আল্লাহ তাদের অন্তরের বিদ্রোহ প্রকাশ করে দেবেন না?

29. Or do they think, those in whose hearts is a disease, that Allah will never expose the impurity of their hearts.

أَمْ حَسِبَ الَّذِينَ فِي قُلُوبِهِمْ
مَرَضٌ أَنْ لَنْ يُخْرِجَ اللَّهُ
أَصْغَاهُمْ ﴿٢٩﴾

30. আমি ইচ্ছা করলে আপনাকে তাদের সাথে পরিচিত করে দিতাম। তখন আপনি তাদের চেহারা দেখে তাদেরকে চিনতে পারতেন এবং আপনি অবশ্যই কথার ভঙ্গিতে তাদেরকে চিনতে পারবেন। আল্লাহ তোমাদের কর্মসমূহের খবর রাখেন।

30. And if We willed, We could show them to you, then you would recognize them by their mark. And you will surely know them by the tone of the speech. And Allah knows your deeds.

وَلَوْ نَشَاءُ لَأَرَيْنَاكُمْ
فَلَعَرَفْتَهُمْ بِسِيمَتِهِمْ
وَلَتَعْرِفَنَّهُمْ فِي لَحْنِ
الْقَوْلِ وَاللَّهُ يَعْلَمُ
أَعْمَالَكُمْ ﴿٣٠﴾

31. আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব যে পর্যন্ত না ফুটিয়ে তুলি তোমাদের জেহাদকারীদেরকে এবং সবারকারীদেরকে এবং যতক্ষণ না আমি তোমাদের অবস্থান সমূহ যাচাই করি।

31. And We will certainly test you until We make evident those who strive hard among you and the steadfast, and We will test your record.

وَلَنَبْلُوَنَّكُمْ حَتَّىٰ نَعْلَمَ
الْمُجْهَدِينَ مِنْكُمْ
وَالصَّابِرِينَ وَنَبْلُوَ
أَخْبَارَكُمْ ﴿٣١﴾

32. নিশ্চয় যারা কাফের এবং আল্লাহর পথ থেকে মানুষকে ফিরিয়ে রাখে এবং নিজেদের জন্যে সৎপথ ব্যক্ত হওয়ার পর রসূলের (সঃ) বিরোধিতা করে, তারা আল্লাহর কোনই ক্ষতি করতে পারবে না এবং

32. Indeed, those who disbelieve and hinder (others) from the way of Allah, and oppose the messenger after what has been manifested unto them of the guidance. Never

إِنَّ الَّذِينَ كَفَرُوا
وَصَدُّوا عَنِ سَبِيلِ
اللَّهِ وَشَاقُّوا الرَّسُولَ
مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ
الْهُدَىٰ لَنْ يَضُرُّوا
اللَّهَ شَيْئًا وَ سَيُحِيطُ

তিনি ব্যর্থ করে দিবেন
তাদের কর্মসমূহকে।

will they harm Allah
in the least. And He
will render their deeds
worthless.

أَعْمَاهُمْ ﴿٣٢﴾

33. হে মুমিনগণ! তোমরা
আল্লাহর আনুগত্য কর,
রসূলের (সাঃ) আনুগত্য কর
এবং নিজেদের কর্ম বিনষ্ট
করো না।

33. O you who believe,
obey Allah and obey
the Messenger and
render not vain your
deeds.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ
وَأَطِيعُوا الرَّسُولَ وَلَا تُبْطِلُوا
أَعْمَالَكُمْ ﴿٣٣﴾

34. নিশ্চয় যারা কাফের
এবং আল্লাহর পথ থেকে
মানুষকে ফিরিয়ে রাখে,
অতঃপর কাফের অবস্থায়
মারা যায়, আল্লাহ কখনই
তাদেরকে ক্ষমা করবেন
না।

34. Indeed, those who
disbelieve, and hinder
(others) from the way
of Allah then die while
they were disbelievers,
never will Allah forgive
them.

إِنَّ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَن
سَبِيلِ اللَّهِ ثُمَّ مَاتُوا وَهُمْ كُفَّارٌ
فَلَنْ يَغْفِرَ اللَّهُ لَهُمْ ﴿٣٤﴾

35. অতএব, তোমরা
হীনবল হয়ো না এবং
সন্ধির আহ্বান জানিও না,
তোমরাই হবে প্রবল।
আল্লাহই তোমাদের সাথে
আছেন। তিনি কখনও
তোমাদের কর্ম হ্রাস
করবেন না।

35. So be not weak
and call for peace
while you have the
upper hand. And Allah
is with you, and will
never deprive you (the
reward) of your deeds.

فَلَا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ
وَأَنْتُمْ الْأَعْلَوْنَ وَاللَّهُ مَعَكُمْ
وَلَنْ يَنْزِعَ اللَّهُ أَعْمَالَكُمْ ﴿٣٥﴾

36. পার্থিব জীবন তো
কেবল খেলাধুলা, যদি
তোমরা বিশ্বাসী হও এবং
সংযম অবলম্বন কর,
আল্লাহ তোমাদেরকে
তোমাদের প্রতিদান দেবেন
এবং তিনি তোমাদের ধন-
সম্পদ চাইবেন না।

36. The life of this
world is only a play
and diversion. And if
you believe and fear,
He will give you your
rewards, and will not
ask of you your
possessions.

إِنَّمَا الْحَيَاةُ الدُّنْيَا لَعِبٌ وَهُوَ وَ
إِنْ تَوَمَّنُوا وَتَتَّقُوا يُؤْتِكُمْ
أُجُورَكُمْ وَلَا يَسْأَلَكُمْ
أَمْوَالَكُمْ ﴿٣٦﴾

37. তিনি তোমাদের কাছে ধন-সম্পদ চাইলে অতঃপর তোমাদেরকে অতিষ্ঠ করলে তোমরা কার্পণ্য করবে এবং তিনি তোমাদের মনের সংকীর্ণতা প্রকাশ করে দেবেন।

38. শুন, তোমরাই তো তারা, যাদেরকে আল্লাহর পথে ব্যয় করার আহ্বান জানানো হচ্ছে, অতঃপর তোমাদের কেউ কেউ কৃপণতা করছে। যারা কৃপণতা করছে, তারা নিজেদের প্রতিই কৃপণতা করছে। আল্লাহ অভাবমুক্ত এবং তোমরা অভাবগ্রস্থ। যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে তিনি তোমাদের পরিবর্তে অন্য জাতিকে প্রতিষ্ঠিত করবেন, এরপর তারা তোমাদের মত হবে না।

37. If He were to ask you of it, and press you, you would withhold, and He would bring your malice out.

38. Here you are, those who are called to spend in the cause of Allah. Then among you are some who withhold. And whoever withholds, he then only withholds against his own self. And Allah is self Sufficient and you are the needy. And if you turn away, He will replace you with another people, and they will not be like you.

إِنْ يَسْأَلْكُمْوهَا فَيَحْفِكُمْ
تَبَخَّلُوا وَيُخْرِجْ أَصْغَانَكُمْ ﴿٣٧﴾

هَآأَنْتُمْ هُوَآءِ تَدْعُونَ لِتُنْفِقُوا فِي
سَبِيلِ اللَّهِ فَمِنْكُمْ مَنْ يَبْخَلُ
وَمَنْ يَبْخَلْ فَإِنَّمَا يَبْخَلْ عَن
نَفْسِهِ وَآللَّهُ الْغَنِيُّ وَآأَنْتُمْ
الْفُقَرَآءُ وَإِنْ تَوَلَّوْآ يَسْتَبْدِلْ
قَوْمًا غَيْرَكُمْ ثُمَّ لَا يَكُونُوا
أَمْثَالَكُمْ ﴿٣٨﴾

